**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-০৮**
www.lawjusticediv.gov.bd

স্মারক নম্বর: ১০.০০.০০০০.০০০.১৩২.১১.০০১৫.২৬.৬৬১

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রি.

**বিষয়: ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় আইন ও বিচার বিভাগে ইন্টার্নশিপ প্রদান প্রসঙ্গে।**

**সূত্র:** ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩' অনুযায়ী আইন ও বিচার বিভাগের কার্যক্রমের সাথে সম্পৃক্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে নিম্নবর্ণিত ১২ (বারো) জনকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ০৩ (তিন) মাস মেয়াদে ইন্টার্ন হিসেবে বাছাই করা হলো:

| ক্র. নং | মনোনীত ইন্টার্ন এর নাম | পিতার নাম | নিজ জেলা | কর্ম-এলাকা |
|---|---|---|---|---|
| ১. | ফারহানা ইশরাক স্বর্না | মোঃ শাহজাহান আলী | ঝিনাইদহ | কুষ্টিয়া |
| ২. | মাহফুজা আনজুম রাত্রি | মোঃ রহমতুল্লাহ শেখ | নাটোর | নাটোর |
| ৩. | মোঃ আশরাফুল ইসলাম | মোঃ আলমগীর হোসেন | ঝিনাইদহ | ঝিনাইদহ |
| ৪. | মোছাঃ সুরাইয়া শারমিন | মোঃ নিজাম উদ্দীন | চুয়াডাঙ্গা | মেহেরপুর |
| ৫. | মোহাম্মদ মেহেদী হাসান | মোঃ গোলাম সারওয়ার | রাজশাহী | রাজশাহী |
| ৬. | মোতাসিম বিল্লাহ ফুয়াদ | আব্দুল ওহাব | বগুড়া | বগুড়া |
| ৭. | মোঃ রিয়াদ আহমেদ | মোঃ নজরুল ইসলাম | মাগুরা | মাগুরা |
| ৮. | তন্ময় বিশ্বাস | তপন কুমার বিশ্বাস | যশোর | যশোর |
| ৯. | এস.এম. রাফসান জামী সাদিন | এস. এম. সেলিম | খুলনা | ঢাকা |
| ১০. | শাহরিন আহমেদ | মোঃ হাসান মোরশেদ চৌধুরী | ঢাকা | ঢাকা |
| ১১. | মোঃ আবু সাঈম | আব্দুল জব্বার | চট্টগ্রাম | চট্টগ্রাম |
| ১২. | ইসমিতা আজিম | মোঃ আনোয়ারুল আজিম | চট্টগ্রাম | চট্টগ্রাম |

**শর্তাবলি:**

১। বাছাইকৃত ইন্টার্নগণকে আগামী ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখ উল্লিখিত ছকে তাদের নামের পাশে বর্ণিত কর্ম-এলাকায় সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত সুপারভাইজার-এর নিকট যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে উক্ত ইন্টার্নশিপ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২। যোগদানের পূর্বে ইন্টার্নগণকে আগামী ১৩/০৫/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় আইন ও বিচার বিভাগ-এর কনফারেন্স রুমে প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত থাকতে হবে।

৩। যোগদানের সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক (০১) সেট সত্যায়িত ফটোকপি আইন ও বিচার বিভাগে জমা দিতে হবে।

৪। ইন্টার্নশিপের মেয়াদ যোগদানের তারিখ হতে শুরু হয়ে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। ইন্টার্নশিপ শুরু হবে ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখ হতে এবং শেষ হবে ১৬/০৮/২০২৬ খ্রি. তারিখে।

৫। ইন্টার্নশিপ চলাকালীন প্রতি মাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ইন্টার্নশিপ ভাতা প্রদান করা হবে। উক্ত ভাতা ব্যতীত অন্য কোনো ভাতা বা সুবিধা প্রদানযোগ্য হবে না।

৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় নির্ধারিত ঘোষণাপত্র স্বাক্ষর করে দাখিল করতে হবে।

৭। কোনো প্রার্থী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC) দাখিল করতে হবে।

৮। ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির লক্ষ্যে ইন্টার্নকে প্রতি মাসে তার সুপারভাইজারের নিকট হতে সন্তোষজনক কর্মসম্পাদনের প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯। ইন্টার্নশিপ চলাকালীন সরকারি দপ্তরের সকল আইন, বিধি, প্রবিধান ও অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনাসহ সরকারি গোপনীয়তা সংক্রান্ত প্রচলিত আইন যথাযথভাবে প্রতিপালন করতে হবে। ইন্টার্ন সংশ্লিষ্ট দপ্তরের মাধ্যমে প্রাপ্ত কোনো তথ্য তৃতীয় পক্ষের নিকট প্রকাশ করতে পারবেন না।

১০। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী, রাজস্ব খাত বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১১। সফলভাবে মেয়াদ শেষ করার পর সংশ্লিষ্ট ইন্টার্নকে সনদ প্রদান করা হবে। তবে ইন্টার্নশিপ চলাকালীন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনো প্রকার প্রত্যয়নপত্র প্রদান করা হবে না।

১২। ইন্টার্নের কর্মদক্ষতা সন্তোষজনক না হলে, আচরণ সরকারি সেবার প্রচলিত রীতির পরিপন্থী হলে, রাষ্ট্রবিরোধী বা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকলে বা বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত থাকলে কর্তৃপক্ষ যেকোনো সময় ইন্টার্নশিপ বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করতে পারবে।

১৩। ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত বিষয়ে যেকোনো সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

22/09/25

(মোঃ মাসুম বিল্লাহ)
উপসচিব (প্রশাসন-২)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। জেলা ও দায়রা জজ, (কুষ্টিয়া/ নাটোর/ ঝিনাইদহ/ মেহেরপুর/ রাজশাহী/ বগুড়া/ মাগুরা/ যশোর/ ঢাকা/ চট্টগ্রাম)।
৩। উপসচিব (প্রশাসন/ বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, আইন ও বিচার বিভাগ।
৬। জনাব/বেগম.................................................... (সংশ্লিষ্ট ইন্টার্ন)।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

22/09/25
মোঃ সাইফুজ্জামান
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ২২৩৩৫৭৪২০